গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
www.mor.gov.bd

নং- ৫৪.০০.০০০০.০০৭.২৮.০৫৫.১৮-৭৬৫

তারিখ: ০১ আশ্বিন ১৪২৬ / ১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ (২য় সংশোধিত)" প্রকল্পের আওতায় কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনে ট্রেন চালুকরণের নিমিত্তে নতুন পদ সৃষ্টির প্রস্তাব পর্যালোচনা লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ০৫.০৯.২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ছায়ালিপি অবগতি/ প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৬/৯/২০১৯
(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব
☏ +৮৮০২৪৭১২৪৩২০
ই-মেইল: admin1@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০২। যুগ্ম-সচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৩। যুগ্ম-মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (নোটিসটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
০৫। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা
০৬। প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৭। পরিচালক (সংস্থাপন/ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
০৮। অতিরিক্ত সচিব এরে ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ (২য় সংশোধিত)" প্রকল্পের আওতায় কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনে ট্রেন চালুকরণের নিমিত্তে নতুন পদ সৃষ্টির প্রস্তাব পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মজিবুর রহমান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| সভার তারিখ | : | ০৫ সেপ্টেম্বর ২০১৯ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | রেলভবনস্থ ৯ম তলার সভাকক্ষ |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | | পরিশিষ্ট-'ক' |

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন পুনর্বাসন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ (২য় সংশোধিত)" প্রকল্পের আওতায় কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনে ট্রেন চালুকরণের নিমিত্তে নতুন পদ সৃষ্টির প্রস্তাব পর্যালোচনা করে বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধিগণকে তাদের মতামত ব্যক্ত করার অনুরোধ জানান।

০৩। যুগ্ম মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং) জানান যে, বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনে ট্রেন চলাচল চালু করার নিমিত্ত ৮৫ কি. মি. মেইন লাইন, ৬.৫ কি. মি. লুপ লাইন ও ১৩ (তের) টি স্টেশন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া কাশিয়ানী-গোপালগঞ্জ-গোবরা (টুঙ্গিপাড়া) সেকশনে ৪৩ কি. মি. মেইন লাইন ও ৫.০০ কি. মি.লুপ লাইনসহ ০৬ (ছয়) টি স্টেশন ভবন নির্মাণ করা শেষ হয়েছে। কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন এবং কাশিয়ানী-গোপালগঞ্জ সেকশনে ট্রেন চালুকরণের নিমিত্তে নতুন পদ সৃষ্টি করা একান্ত আবশ্যক।

০৪। সভাপতি বলেন যে, বাংলাদেশ রেলওয়ের সংশোধিত জনবল (৫০,২৭৫) কাঠামো/সমন্বিত জনবলের কাঠামো জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তাছাড়া বর্তমান প্রস্তাবটি প্রেরণ করতে হলে বাংলাদেশ রেলওয়ের বিদ্যমান সাংগঠনিক কাঠামোর সাথে প্রস্তাবিত পদগুলো ভিন্ন কালিতে ট্রি আকারে দেখিয়ে প্রেরণ করতে হবে। তিনি বলেন প্রস্তাবিত ১২২৮টি পদের মধ্যে কোন পদের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরিত সংশোধিত ৫০,২৭৫ জনবলের প্রস্তাবের মধ্যে প্রেরণ করা হয়েছে কিনা তা যাচাই করা প্রয়োজন।

০৫। এ প্রসঙ্গে তিনি আরো বলেন যে, কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনটি বন্ধ হওয়ার পর উক্ত সেকশনের অনুমোদিত পদগুলো বিলুপ্ত করা হয়েছে কিনা এবং উক্ত পদের বিপরীতে লোকবল কোথায় স্থানান্তর করা হয়েছে তা জানা দরকার। এ পরিপ্রেক্ষিতে যুগ্ম মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং) জানান যে, ১৯৯৭ সালে কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনটি বন্ধ হওয়ার পর পদগুলো বিলুপ্ত করা হয়নি এবং উক্ত পদের বিপরীতে লোকবলকে জয়দেপুর জামতলী সেকশনে স্থানান্তর করা হয়েছে।

০৬। সভাপতি বলেন যে, জনপ্রশাসনের প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে প্রতিটি পদের যুক্তিকতা থাকতে হবে। প্রস্তাবিত বিভিন্ন পদের সংখ্যা এবং প্রয়োজনীয়তা নিয়ে সভার সদস্যদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) যুগ্ম মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (সংস্থাপন) প্রস্তাবিত ১২২৮টি পদের মধ্যে পূর্বে কালুখালী-ভাটিয়াপাড়া সেকশনের বিদ্যমান কোন পদ অন্তর্ভূক্ত হয়েছে কিনা তা এক সপ্তাহের মধ্যে যাচাই করবেন;

(খ) যুগ্ম মহাপরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (সংস্থাপন), প্রস্তাবিত ১২২৮টি পদের মধ্যে কোন পদের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরিত সংশোধিত ৫০,২৭৫ জনবলের প্রস্তাবের মধ্যে প্রেরণ করা হয়েছে কিনা তা যাচাই করবেন;

(গ) প্রস্তাবে কোন পদ অতিরিক্ত থাকলে তা বাদদিয়ে প্রস্তাব প্রেরণ করবেন;

(ঘ) আগামী এক সপ্তাহ পর এ সংক্রান্ত পরবর্তী একটি সভা অনুষ্ঠিত হবে।

০৭। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বাংলাদেশ রেলওয়ের কালুখালী-ভাটিয়াপাড়াঘাট সেকশন পুনর্বাসন এবং কাশিয়াণী-গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া নতুন রেলপথ নির্মাণ এর লক্ষে ০৫.০৯.২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রম | নাম ও পদবি | মন্ত্রণালয়/দপ্তর | ফোন / মোবাইল নম্বর+ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | রেখা রানী বালো<br>যুগ্ম সচিব | রেলপথ মন্ত্রণালয় | 01711691658 | [signature] ০৫/০৯/২০১৯ |
| ০২ | অতি মহাপর মো: মাসউদুর রহমান<br>প্রধান প্রকৌশলী (পশ্চিম) | বাংলাদেশ রেলওয়ে | 01711506102 | [signature] ৫/৯/২০১৯ |
| ০৩ | মো: আফজাল হোসেন<br>JDG (Engg) | বাংলাদেশ রেলওয়ে | ~~01711506610~~<br>01711506120 | [signature] ৫/৯/১৯ |
| ০৪ | আরিফুল হক<br>Dir/Estt. | BR | 01711691027 | [signature] ৫/৯/১৯ |
| ০৫ | মোহাম্মদ সফিকুর রহমান<br>পরিচালক/পরিবহন | BR | 01711691613<br>dirt@railway.gov.bd | [signature] ৫/৯/১৯ |
| ৬ | মাসুম পারভীন | পরিকল্পনা মন্ত্রণালয় | 01700944 895 | [signature] ৫/৯ |